**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১১ আগস্ট ২০১৫, ২৭ শ্রাবণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশ-ভিয়েতনাম বাণিজ্য বাড়ানোর প্রত্যয়
: শুল্ক ও অশুল্ক বাধা দূর করতে একমত দুই দেশের রাষ্ট্রপ্রধান

২। প্রতারণা ও জালিয়াতির মামলা আবার পুলিশের কাছে
: মন্ত্রিসভায় দুদক আইন সংশোধনের খসড়া অনুমোদন

৩। গুলিবিদ্ধ শিশু ও মায়ের চিকিৎসা : ১৪ চিকিৎসককে সম্মাননা

৪। মহাসড়কে গাড়ির সর্বোচ্চ গতি ৮০ কিলোমিটার

৫। ঋণে ৯ শতাংশ সুদহার চায় এফবিসিসিআই
: ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীদের সঙ্গে বৈঠক

৬। অবশেষে মিয়ানমার থেকে দেশে ফিরলো ১৫৯ অভিবাসী

৭। লাইসেন্স ছাড়া কীটনাশকের এলসি খোলা যাবে না : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

৮। যাত্রাবাড়িতে অবৈধ ওষুধ কারখানা : জেল জরিমানা সিলগালা

৯। বিলুপ্ত ছিটমহলের জমির দলিল হস্তান্তর : ডিসি পর্যায়ে বৈঠক

১০। বিসিএস পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে ১০ বিষয়ে

চলমান পাতা/২

১। বাংলাদেশ-ভিয়েতনাম বাণিজ্য বাড়ানোর প্রত্যয়

: শুল্ক ও অশুল্ক বাধা দূর করতে একমত দুই দেশের রাষ্ট্রপ্রধান

বাংলাদেশ ও ভিয়েতনামের মধ্যে বাণিজ্যের পরিমাণ ২০১৬ সালের মধ্যে এক হাজার মিলিয়ন ডলারে নিয়ে যাওয়ার প্রত্যয় জানিয়েছেন দুই দেশের রাষ্ট্রপ্রধান। গতকাল ১০ আগস্ট সোমবার ভিয়েতনামের রাজধানী হ্যানয়ে এক দ্বিপক্ষীয় বৈঠকে বাংলাদেশের রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও ভিয়েতনামের প্রেসিডেন্ট ত্রুয়ং তান সাং এ বিষয়ে একমত হন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (পৃ.২,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৭), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৫)।

২। প্রতারণা ও জালিয়াতির মামলা আবার পুলিশের কাছে

: মন্ত্রিসভায় দুদক আইন সংশোধনের খসড়া অনুমোদন

প্রতারণা ও জালিয়াতির বেসরকারি মামলাগুলো দুর্নীতি দমন কমিশন (দুদক) আইনের ধারা থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এখন এ সংক্রান্ত মামলাগুলো যাবে পুলিশের কাছে। তবে সরকারি সম্পত্তি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারী ও ব্যাংক কর্মকর্তা কর্মচারীদের জালিয়াতি ও প্রতারণা সংক্রান্ত মামলাগুলো দুদক আইনে তদন্ত ও বিচার হবে। মন্ত্রিসভা দুর্নীতি দমন আইনের প্রয়োজনীয় সংশোধনী আনার এই প্রস্তাবটি গতকাল ১০ আগস্ট সোমবার নীতিগত অনুমোদন দিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বাংলাদেশ সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৭), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.২)। ডেইলি স্টার, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। গুলিবিদ্ধ শিশু ও মায়ের চিকিৎসা : ১৪ চিকিৎসককে সম্মাননা

গুলিবিদ্ধ শিশু সুরাইয়া ও মায়ের চিকিৎসায় গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য মাগুরা সদর হাসপাতাল এবং ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ১৪ চিকিৎসককে সম্মাননা দিয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। গতকাল ১০ আগস্ট সোমবার মন্ত্রণালয়ের সভাকক্ষে এই সম্মাননা দেওয়া হয়। সম্মাননা প্রদানকালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম চিকিৎসকদের অভিনন্দন জানিয়ে বলেন, চিকিৎসকদের আন্তরিকতা ও নিষ্ঠার কারণেই এটা সম্ভব হয়েছে। তাই ভাল কাজের অবশ্যই স্বীকৃতি দিতে হবে। তাহলে চিকিৎসকরা ভাল কাজ করতে উৎসাহ পাবেন। আর এভাবেই সমাজের বিকাশ সম্ভব। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৯,ক.১)।

৪। মহাসড়কে গাড়ির সর্বোচ্চ গতি ৮০ কিলোমিটার

দুর্ঘটনা রোধে মহাসড়কে যান চলাচলের গতিবেগ ঘণ্টায় সর্বোচ্চ ৮০ কিলোমিটার নির্ধারণ করা হয়েছে। একই সঙ্গে এবারের ঈদুল আজহায় সড়ক-মহাসড়কের পাশে যেন কোরবানির পশুর হাট না বসে সে ব্যাপারে পদক্ষেপ নেওয়ার বিষয়েও সিদ্ধান্ত হয়েছে। গতকাল ১০ আগস্ট সোমবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউটে জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিল'র ২৩তম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.৭), প্রথম আলো (পৃ.১,ক.১), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮)।

৫। ঋণে ৯ শতাংশ সুদহার চায় এফবিসিসিআই

: ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীদের সঙ্গে বৈঠক

উচ্চ সুদের কারণে ব্যবসার খরচ বেড়ে যাচ্ছে। এতে বিশ্ববাজারে প্রতিযোগিতা করা কঠিন হয়ে পড়েছে ব্যবসায়ীদের। এমন অবস্থায় বিনিয়োগ বাড়ানোর স্বার্থে ব্যাংক ঋণের সুদহার ৯ শতাংশে নামিয়ে আনার উদ্যোগ নিতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে অনুরোধ জানিয়েছে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই। তবে বর্তমান পরিস্থিতিতে ঋণের সুদহার এতটা কমানো সম্ভব নয় বলে জানিয়েছেন ব্যাংকাররা। গতকাল ১০ আগস্ট সোমবার বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীদের সঙ্গে 'দেশে শিল্পায়নে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ভূমিকা' শীর্ষক এক মতবিনিময়ের আয়োজন করা হয়। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.৪), প্রথম আলো (পৃ.১৩,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.৩)।

৬। অবশেষে মিয়ানমার থেকে দেশে ফিরলো ১৫৯ অভিবাসী

কয়েক দফা তারিখ পেছানোর পর অবশেষে ১৫৯ জন অভিবাসী দেশে ফেরত এসেছেন। গতকাল ১০ আগস্ট সোমবার মিয়ানমার সীমান্তের ঢেঁকিবনিয়া বিজিপি ক্যাম্পে অনুষ্ঠিত পতাকা বৈঠকের পর তাদের ফিরিয়ে আনা হয়। পতাকা বৈঠকে মিয়ানমারের ইমিগ্রেশন বিভাগের উপ-পরিচালক সো নাইন বিজিপির পক্ষে ও বাংলাদেশের পক্ষে কক্সবাজার ১৭ বিজিবির অধিনায়ক লে. কর্নেল মো. রবিউল ইসলাম নেতৃত্ব দেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), সংবাদ (পৃ.১,ক.৪), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.৪), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮)।

৭। লাইসেন্স ছাড়া কীটনাশকের এলসি খোলা যাবে না : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

কৃষি ও জনস্বাস্থ্যে ব্যবহৃত কীটনাশক আমদানির জন্য নিবন্ধন (লাইসেন্স) না থাকলে সে প্রতিষ্ঠানের পক্ষে

এখন থেকে এলসি খোলা যাবে না। আমদানি নীতিতে নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও অনিবন্ধিত কিছু প্রতিষ্ঠান কীটনাশক আমদানি করছে বলে সম্প্রতি বাণিজ্য মন্ত্রণালয় জানতে পারে। এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুরোধের পরিপ্রেক্ষিতে গতকাল ১০ আগস্ট সোমবার কেন্দ্রীয় ব্যাংক একটি প্রজ্ঞাপন জারি করে ব্যাংকগুলোতে পাঠিয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), প্রথম আলো (পৃ.১২,ক.৪), সমকাল (পৃ.১৪,ক.৮)।

৮। যাত্রাবাড়িতে অবৈধ ওষুধ কারখানা : জেল জরিমানা সিলগালা

নোংরা পরিবেশে ওষুধ তৈরি ও বিক্রির দায়ে রাজধানীর যাত্রাবাড়ির পদ্মা হোমিও ল্যাবরেটরির মালিক বুলবুল আহমেদকে ২ বছরের জেল ও দুই লাখ টাকা জরিমানা করা হয়েছে। এছাড়াও কারখানাটি সিলগালা করে দেওয়া হয়েছে। র‌্যাবের ভ্রাম্যমাণ আদালত গতকাল ১০ আগস্ট সোমবার দুপুর থেকে বিকেল পর্যন্ত টানা ওই কারখানায় অভিযান চালিয়েছিল। ভ্রাম্যমাণ আদালতের এই অভিযান অব্যাহত থাকবে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৮), জনকণ্ঠ (পৃ.১৯,ক.৭)।

৯। বিলুপ্ত ছিটমহলের জমির দলিল হস্তান্তর : ডিসি পর্যায়ে বৈঠক

বাংলাদেশ ও ভারতীয় ভূখণ্ডে মিশে যাওয়া ১৬২ ছিটমহলের জমির পুরানো নথিপত্র বিনিময় করেছে উভয় দেশ। এসব নথির মধ্যে আছে এতদিন বাংলাদেশের ভেতরে থাকা ভারতীয় ১১১ ছিটের ৪৪ মৌজার সিএস খতিয়ান এবং ভারতের ভেতরে থাকা ৫১ বাংলাদেশি ছিটমহলের ১৯ সিএস খতিয়ানের পুরনো রেকর্ডসহ অন্যান্য কাগজপত্র। গতকাল ১০ আগস্ট সোমবার দুপুর সাড়ে বারোটায় বুড়িমারী স্থলবন্দরের ওপারে ভারতের কোচবিহার জেলার মেখলিগঞ্জ মহকুমার চ্যাংড়াবান্ধা ব্লক ডেভেলপমেন্টের সভাকক্ষে দুই দেশের মধ্যে জেলা প্রশাসক (ডিসি) পর্যায়ে দ্বিপাক্ষিক বৈঠকে এসব নথি বিনিময় করা হয়। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.৪), প্রথম আলো (পৃ.২,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮)।

১০। বিসিএস পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে ১০ বিষয়ে

৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষার ১০টি বিষয়ে ক্যালকুলেটর ব্যবহারের অনুমতি দিয়েছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। গতকাল ১০ আগস্ট সোমবার পিএসসির পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) আ ই ম নেছার উদ্দিন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, আবশ্যিক বিষয় গাণিতিক যুক্তি, গণিত, ফলিত গণিত, পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, পরিসংখ্যান, হিসাব বিজ্ঞান, কম্পিউটার সায়েন্স, ইলেকট্রনিক্স এবং ইঞ্জিনিয়ারিং বিষয়ের পরীক্ষা ছাড়া অন্য সব পরীক্ষার দিন হলে ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ., ক.৬), জনকণ্ঠ (পৃ.৩,ক.৪)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ, সমকাল, যুগান্তর, ইনকিলাব, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডে, নিউ নেশন, ডেইলি অবজারভার : চলতি বছর এইচএসসি পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫ এর সংখ্যা গত বছরের তুলনায় কমে যাওয়াকে শিক্ষার মানের ক্রমাবনতিরই পরিচায়ক উল্লেখ করে তা ঠেকাতে সুষ্ঠু নীতি-পরিকল্পনার পাশাপাশি পঠন-পাঠনের দিকে অধিক নজরদারি প্রয়োজন বলে মত প্রকাশ;

খ. ইত্তেফাক : বাংলাদেশের অর্ধশতাধিক ক্ষুদ্র জাতিগোষ্ঠীর জমিজমা বেদখল ও নিরাপত্তাজনিত সমস্যা নিরসনে সরকারের সর্বোচ্চ নীতিনির্ধারক মহল তাদের সর্বাত্মক উন্নয়ন ও নিরাপত্তা বিধানে বিশেষ মনোযোগ দিবেন বলে প্রত্যাশা ব্যক্ত;

গ. জনকণ্ঠ : বেশিরভাগ শিক্ষক রাজধানী কেন্দ্রিক হওয়ায় দেশের জেলা ও মফস্বল শহরের অনেক সরকারি কলেজে একাধিক বিষয়ে শিক্ষক সংকটের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে নজর দেওয়ার সুপারিশ;

ঘ. ইনকিলাব : বিশ্বের ১২২টি দেশ ও অঞ্চলের জন্য যুক্তরাষ্ট্র জিএসপি সুবিধা আবার চালু করলেও এ তালিকায় বাংলাদেশের নাম নেই উল্লেখ করে জিএসপি সুবিধা ফিরে পাওয়ার প্রচেষ্টা জোরদার করার সঙ্গে সঙ্গে রপ্তানি বাড়ানোর জোর তৎপরতা চালানোর ওপর গুরুত্বারোপ;

ঙ. ডেইলি স্টার : বিগত ৭ মাসে চার ব্লগার হত্যার ঘটনায় জড়িতদের গ্রেফতারের ব্যাপারে আইনশৃঙ্খলা বাহিনীর কাজে তেমন কোনো অগ্রগতি না হওয়ার সমালোচনা করে এ ধরনের ঘটনা প্রতিহতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

চ. ইন্ডিপেনডেন্ট : ২০২১ সালের মধ্যে পোশাক খাতের রপ্তানি ৫০ বিলিয়ন ডলারের টার্গেট অর্জন করতে হলে এ খাতের আরও উন্নয়নে সরকারকে সব ধরনের সহায়তা প্রদানের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে একটি শান্তিপূর্ণ সমাজ নির্মাণ করতে বর্তমান রাজনৈতিক ব্যবস্থা বদলাতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘নারী উন্নয়ন বনাম নারী নির্যাতন’ শিরোনামের নিবন্ধে মনজু আরা বেগম

দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের জন্য নারী-পুরুষ উভয়ের অংশগ্রহণ অত্যন্ত জরুরি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা